ভোরের কাগজ

তারিখ ... MAR 25 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কলেজ অব টেক্সটাইল টেকনোলজী
৯২, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী
তেজগাঁও, ঢাকা-১২০৮

# ভর্তি বিজ্ঞপ্তি : শিক্ষা বর্ষ ১৯৯৮-৯৯

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে কলেজ অব টেক্সটাইল টেকনোলজীতে ১৯৯৮-৯৯ইং শিক্ষা বর্ষে ৪(চার) বৎসর মেয়াদী :

ক) বি,এস,সি ইন টেক্সটাইল টেকনোলজী উইথ স্পেসাইলাইজেশন ইন ইয়ার্ণ ম্যানুফেকচারিং টেকনোলজী,

খ) বি,এস,সি ইন টেক্সটাইল টেকনোলজী উইথ স্পেসালাইজেশন ইন ফেব্রিক ম্যানুফেকচারিং টেকনোলজী,

গ) বি,এস,সি ইন টেক্সটাইল টেকনোলজী উইথ স্পেসালাইজেশন ইন ওয়েট প্রসেসিং ম্যানুফেকচারিং টেকনোলজী,

ঘ) বি,এস,সি ইন টেক্সটাইল টেকনোলজী উইথ স্পেসালাইজেশন ইন গার্মেন্টিস টেকনোলজী, কোর্সসমূহের ১ম বর্ষে ১৬০ (একশত ষাট) টি আসনে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

## ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :

১। প্রার্থীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহণে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হইতে হইবে।

২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে এসএসসি কিংবা ইহার সমমানের পরীক্ষায় নির্ধারিত মোট নম্বরের কমপক্ষে ৫০% (গ্রেস নম্বর বাদে) পাইয়া দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে।

৩। ১৯৯৮ সালে অনুষ্ঠিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে এইচএসসি কিংবা ইহার সমমানের পরীক্ষায় নির্ধারিত মোট নম্বরের কমপক্ষে ৫০% নম্বরসহ গণিত, পদার্থ ও রসায়ন বিষয়ে গড়ে কমপক্ষে ৬০% নম্বর এবং উপরোক্ত প্রত্যেকটি বিষয়ে আলাদাভাবে কমপক্ষে ৫০% নম্বর পাইতে হইবে।

৪। ১৯৯৭ সনে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মোট নম্বরের কমপক্ষে ৫৫% নম্বরসহ গণিত, পদার্থ, রসায়ন বিষয়ে গড়ে কমপক্ষে ৬৫% নম্বর পাইতে হইবে এবং উপরোক্ত প্রত্যেকটি বিষয়ে আলাদাভাবে কমপক্ষে ৫৫% নম্বর পাইতে হইবে। ১৯৯৬ ও পূর্ববর্তী বৎসরসমূহে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের দরখাস্ত বিবেচনা করা হইবে না।

৫। এস,এস,সি অথবা সমমান এবং এইচ,এস,সি অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম ১৩০০ নম্বর পাইতে হইবে।

৬। যোগ্যতাসম্পন্ন সকল বৈধ প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হইবে।

## আবেদন করার নিয়মাবলী :

নিম্নে বর্ণিত সময়সূচী অনুযায়ী অফিস চলাকালীন সময়ে অত্র কলেজের অফিস হইতে নগদ ২২০ (দুইশত বিশ) টাকা প্রদান পূর্বক ভর্তির ফরম সরাসরি গ্রহণ করা যাইবে। ভর্তির ফরম যথাযথভাবে পূরণ পূর্বক নিম্নবর্ণিত দলিলাদি ও সময়সূচী অনুযায়ী অধ্যক্ষের দপ্তরে জমা দিতে হইবে। নির্ধারিত তারিখের পরে দরখাস্ত গ্রহণ করা হইবে না।

## আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সনদপত্রাদি দাখিল করিতে হইবে :

১। বোর্ড হইতে এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষা অথবা সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বর পত্রের কপি (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।

২। পাসপোর্ট সাইজের দুই কপি ফটো (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।

৩। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার/১ম শ্রেণীর গেজেটেড অফিসার-এর নিকট হইতে নাগরিকত্ব সার্টিফিকেট।

## আবেদনপত্র বিতরণ ও গ্রহণের সময়সূচী :

০৫/০৪/৯৯ ইং তারিখ হইতে ২২/০৪/৯৯ইং পর্যন্ত সকাল ৯টা হইতে বিকাল ৪টা পর্যন্ত।

## লিখিত পরীক্ষার বিষয় ও নম্বর :

| | বিষয় | নম্বর |
|---|---|---|
| ১। | অংক | ৬০ |
| ২। | পদার্থ বিজ্ঞান | ৬০ |
| ৩। | রসায়ন শাস্ত্র | ৬০ |
| ৪। | ফাংশনাল ইংলিশ | ২০ |
| | সর্বমোট | ২০০ নম্বর |

## লিখিত পরীক্ষা ও ফলাফল প্রকাশের সময়সূচী :

| পরীক্ষার তারিখ | পরীক্ষার সময় | ফলাফল প্রকাশের তারিখ |
|---|---|---|
| ২৮-৫-৯৯ইং (১৪ই জ্যৈষ্ঠ ১৪০৬ বাং) শুক্রবার | সকাল ৯টা হইতে ১২টা | ১০-৬-৯৯ইং বৃহস্পতিবার |

উপরোক্ত পরীক্ষা ১৯৯৮ সালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক পরিচালিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হইবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদিগকে শুধুমাত্র প্রয়োজনীয় উত্তর পত্র দেওয়া হইবে। প্রবেশ পত্র, কলম, পেনসিল ও জ্যামিতি বাক্স প্রার্থীদিগকে সঙ্গে আনিতে হইবে। পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাইবে।

## প্রার্থী নির্বাচন :

এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের (গ্রেস নম্বর বাদে) যথাক্রমে ৪% ও ৬% লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করিয়া মেধা তালিকা প্রণয়ন করা হইবে।

## ভর্তির নিয়মাবলী :

১। নির্বাচিত প্রত্যেক প্রার্থীকে ৬০/- (ষাট) টাকা ফি অত্র কলেজের কোষাধ্যক্ষের নিকট প্রদানপূর্বক অত্র কলেজের মেডিক্যাল অফিসারের নিকট হইতে শারীরিক সুস্থতার সনদপত্র গ্রহণ করিতে হইবে। মেডিক্যাল পরীক্ষায় অসুস্থ প্রমাণিত হইলে ভর্তির অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

২। নির্বাচিত প্রার্থীদের আগামী ২৬-০৬-৯৯ইং হইতে ০৬-০৭-৯৯ইং সকাল ৯টা হইতে বিকাল ১টার মধ্যে ভর্তি হইতে হইবে। কোন প্রার্থী উক্ত সময়ের মধ্যে ভর্তি হইতে ব্যর্থ হইলে তাহার নির্বাচন বাতিল বলিয়া গণ্য হইবে। শূন্য আসন অপেক্ষমাণ তালিকা হইতে মেধাক্রম অনুযায়ী পূরণ করা হইবে।

৩। ভর্তির সময় প্রত্যেক প্রার্থীকেই তাহার এস,এস,সি ও এইচ,এস,সি বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্র জমা দিতে হইবে।

৪। ভর্তির সময় সর্বসাকুল্যে দেয় টাকার পরিমাণ আনুমানিক ১৮০০/- (এক হাজার আটশত) টাকা মাত্র।

৫। ভর্তি সম্পর্কে বিস্তারিত জানার জন্য অত্র কলেজের রেজিস্ট্রার-এর সঙ্গে যোগাযোগ করা যাইতে পারে।

৬। ছাত্রাবাসে ছাত্রদের থাকার সংস্থান সীমিত।

৭। ছাত্রীদের জন্য কোন ছাত্রীবাস-এর ব্যবস্থা নাই।

৮। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ শুরু হওয়ার তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে কোন ছাত্র-ছাত্রী ক্লাশে উপস্থিত হইতে ব্যর্থ হইলে তাহার ভর্তি সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

**সংরক্ষিত আসন : উপজাতীয়দের জন্য একটি :** আবেদনকারীর দাবীর স্বপক্ষে প্রমাণাদি অবশ্যই দাখিল করিতে হইবে এবং দরখাস্তে উপজাতীয় কথাটি লিখিয়া দিতে হইবে। সংরক্ষিত আসনে প্রার্থীদের আলাদা কোন ভর্তি পরীক্ষা নেওয়া হইবে না।

বিঃদ্রঃ - ভর্তি সংক্রান্ত যেকোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন প্রার্থী ভর্তির জন্য কোন উপায়ে প্রভাব সৃষ্টি করিতে চাহিলে সে ভর্তির জন্য অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

অধ্যাপক ডঃ নিতাই চন্দ্র সুত্রধর
চেয়ারম্যান ভর্তি কমিটি ও
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
কলেজ অব টেক্সটাইল টেকনোলজী
তেজগাঁও, ঢাকা-১২০৮।

ডিএফপি-৫৫৪৫-২১/৩/৯৯(১৫x৩৩)
ডিস-৬১৬/৯৯